# বুলুগুল মারাম

## হাদিস নাম্বারঃ ৩০৯

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - বিতরের কুনূতে যা পড়তে হয়

### আরবী

وَلِلْبَيْهَقِيِّ عَنِ ابْنِ عَبَّاسٍ ـرَضِيَ اللَّهُ عَنْهُمَا: كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يُعَلِّمُنَا دُعَاءً نَدْعُو بِهِ فِي الْقُنُوتِ مِنْ صَلَاةِ الصُّبْحِ. وَفِي سَنَدِهِ ضَعْفٌ

ضعيف. رواه البيهقي (2/ 210)

### বাংলা

৩০৯. বাইহাক্বীতে ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত হাদীস রয়েছে, তিনি বলেন- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে দু'আ শিখিয়ে দিতেন, যার দ্বারা আমরা ফজরের কুনূতের সময় দু'আ করতাম। এর সানাদে দুর্বলতা রয়েছে।[1]

### ফুটনোট

[1] বাইহাকী ২৯৬০, ৩২৬৬

ইবনু উসাইমিন শারহু বুলুগুল মারামে (২/১৪০) نَدْعُو بِهِ فِي صَلَاةِ الصُّبْحِ অংশটুকুকে দুর্বল বলেছেন। তবে ফজরের স্বালাতে কুনূত করতে নিষেধ সংক্রান্ত হাদীস গুলো বিশুদ্ধ নয়। আয যূয়াফা আল কাবীর লিল উকাইলী (৩/৩৬৭) গ্রন্থে উকাইলী বলেন, আর ইমাম বুখারী বলেছেন মুহাদ্দীসগণ তার হাদীস বর্জন করেছে। বায়হাক্বী সুনানে আল কুবরা (২/২/১৪) গ্রন্থে ফজরের স্বালাতে কুনূত পড়া বিদআত সম্পর্কিত হাদীসটি সহীহ নয় বলে মন্তব্য করেছেন। কেননা এর সানাদে রয়েছে আবূ লায়লা আল কুফী, আর সে হচ্ছে মাতরুক। মিযানুল ই'তিদাল (৪/৫৬৬) গ্রন্থে ইমাম যাহাবী বলেন, ফজরের স্বালাতে কুনূত পড়া বিদআত সম্পর্কিত হাদীসের এক জন রাবী আবূ লায়লাকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70120

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন